

ডাইরি/ওয়েবসাইটে	
আপলোডের ব্যবস্থা নিশ	
স্টেশন প্রকৌশলী	
উপস্টেশন প্রকৌশলী	
সরকারী বেতার প্রকৌশলী	
রেডিও টেকনিশিয়ান	✓

M. Rahman  
১৫/০৮/২০২৬

২৩৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ বেতার  
সদর দপ্তর  
৩১, সৈয়দ, মাহবুব মোর্শেদ সরগি  
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
www.betar.gov.bd

নং- ১৫.৫৩.০০০০.০০০.০১৩.১৩.০৫৭৬.২৬. ২০০

তারিখ : ২২/০৮/২০২৬ খ্রিস্টাব্দ

প্রাপক  
বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক  
বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়  
চট্টগ্রাম।

বিষয়: বাংলাদেশ বেতার, চট্টগ্রাম কেন্দ্রের নিরাপত্তা প্রহরী জনাব মোঃ বাহার উদ্দিন এর ০১ (এক) বছরের অবসরউত্তর  
ছুটিসহ ১৮ (আঠারো) মাসের লাম্প গ্র্যান্ট মঞ্জুরি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম কেন্দ্রের নিরাপত্তা প্রহরী জনাব মোঃ বাহার উদ্দিন এর জন্ম তারিখ ০১-০৪-১৯৬৭ খ্রি:। সে হিসেবে ৩১-০৩-২০২৬ তারিখে তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। এমতাবস্থায়, সরকারী চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী বাংলাদেশ বেতার, চট্টগ্রাম কেন্দ্রের নিরাপত্তা প্রহরী, জনাব মোঃ বাহার উদ্দিন-কে ৩১-০৩-২০২৬ তারিখে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো এবং তাঁর অনুকূলে ০১-০৪-২০২৬ থেকে ৩১-০৩-২০২৭ তারিখ পর্যন্ত মোট ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল.) মঞ্জুর করা হলো।

০২। জনাব মোঃ বাহার উদ্দিন এর অনুকূলে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ (২) (খ) উপ অনুচ্ছেদ মোতাবেক তাঁর সর্বশেষ মাসিক মূল বেতন ২১,৮০০/-টাকা হারে অবসরউত্তর ছুটি বাদে জমাকৃত ছুটির বিপরীতে ১৩ মাসের সমপরিমাণ টাকা  $২১,৮০০ \times ১৩ = ২,৮৩,৪০০/-$  টাকা এবং ০৫ দিনের  $(২১,৮০০ + ৩০ \times ৫) = ৩,৬৩৩/-$  টাকা সহ সর্বমোট  $= (২,৮৩,৪০০ + ৩,৬৩৩) = ২,৮৭,০৩৩/-$  (দুই লক্ষ সাতাশি হাজার তেত্রিশ টাকা) মাত্র মঞ্জুর করা হলো।

এ ব্যয় বাংলাদেশ বেতার, চট্টগ্রাম কেন্দ্রের ২০২৫-২০২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের ছুটি নগদায়ন (কর্মচারী) খাত থেকে মেটানো হবে।

এ এম এম জাহিদ  
মহাপরিচালক (চলতি দায়িত্ব)  
ফোনঃ ৪৪৮১৩০৬২  
ই-মেইল: dg@betar.gov.bd

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। পরিচালক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম (মূল ইএলপিসি ও চাকরি বই সংযুক্ত)।
- ২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহন কেন্দ্র, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। জনাব মোঃ বাহার উদ্দিন, নিরাপত্তা প্রহরী, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম।
- ৪। গার্ড ফাইল (সংস্থাপন-২)।